# অধ্যায় ৮ লিঙ্গ পরিবর্তন



ছেলেরা বল খেলছে



মেয়েরা নাচছে



সাইকেল



শিশুটি হাসছে

ওপরের প্রথম ছবিতে দেখা যাচ্ছে ছেলেরা বল খেলছে। 'ছেলেরা' বলতে 'পুরুষ' জাতীয় কেউকে বোঝাচ্ছে। দ্বিতীয় ছবিতে মেয়েরা নাচছে। 'মেয়েরা' বলতে স্ত্রী-জাতীয় কেউকে বোঝাচ্ছে। তৃতীয় ছবিতে রয়েছে একটি সাইকেল। 'সাইকেল' বলতে পুরুষ বা স্ত্রী এদের কোনোটিকেই বোঝাচ্ছে না। চতুর্থ ছবিতে একটি শিশু হাসছে। 'শিশু' বলতে পুরুষ-স্ত্রী উভয়কেই বোঝায়।

পৃথিবীতে আমরা যা কিছু দেখি তাদের চিনে নেবার চারটি চিহ্ন আছে। এই চিহ্নকেই বলে **লিঙ্গ**।

## লিঙ্গ কাকে বলে ?

যে চিহ্ন দিয়ে পুরুষ, স্ত্রী অথবা পুরুষ-স্ত্রী কোনোটিই নয়, কিংবা স্ত্রী-পুরুষ উভয়কেই বোঝায় তাকে **লিঙ্গ** বলে।

## লিঙ্গের শ্রেণিবিভাগ

বস্তুজগতে প্রাণী বা অপ্রাণীবাচক শব্দকে চিনে নেবার চার ধরনের লক্ষণ বা চিহ্ন আছে বলে লিঙ্গও চার প্রকার—❶ **পুংলিঙ্গ**, ❷ **স্ত্রীলিঙ্গ**, ❸ **ক্লীবলিঙ্গ** ও ❹ **উভয়লিঙ্গ**।

❶ **পুংলিঙ্গ ঃ** শব্দের যে লক্ষণ দিয়ে শুধুমাত্র পুরুষ জাতীয় কোনো কিছুকে বোঝায় তাক **পুংলিঙ্গ** বলে।
যেমন— বাবা, ছেলে, শিক্ষক, স্বামী, বর, চাকর, সাহেব, গোলাম, ডাক্তার ইত্যাদি।

❷ **স্ত্রীলিঙ্গ ঃ** শব্দের যে লক্ষণ দিয়ে শুধুমাত্র স্ত্রীজাতীয় কোনো কিছুকে বোঝায়, তাকে **স্ত্রীলিঙ্গ** বলে।
যেমন— মা, মেয়ে, বোন, ছাত্রী, শিক্ষিকা, ঝি, বৃদ্ধা ইত্যাদি।

❸ **ক্লীবলিঙ্গ ঃ** শব্দের যে লক্ষণ দিয়ে পুরুষ-স্ত্রী কোনো কিছুকে না বুঝিয়ে অপ্রাণীবাচক কোনো কিছু বোঝায়, তাকে **ক্লীবলিঙ্গ** বলে।
যেমন— সাইকেল, বাস, ট্রাম, কলম, টেবিল, চেয়ার, বই, ফুল, গাছ, চাঁদ, সূর্য ইত্যাদি।

❹ **উভয়লিঙ্গ ঃ** শব্দের যে লক্ষণ দিয়ে স্ত্রী-পুরুষ উভয়কেই বোঝায় তাকে **উভয়লিঙ্গ** বলে।
যেমন— শিশু, সন্তান, বন্ধু, মন্ত্রী, রাজ্যপাল, রাষ্ট্রপতি ইত্যাদি।

**লিঙ্গ**

- পুংলিঙ্গ
- স্ত্রীলিঙ্গ
- ক্লীবলিঙ্গ
- উভয়লিঙ্গ

**▶ লিঙ্গান্তর ঃ** পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে কিংবা স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তর করাকে **লিঙ্গান্তর** ব

**লিঙ্গান্তর করার নিয়মাবলি ঃ**

(১) পুরুষ বা স্ত্রীবাচক পৃথক শব্দদ্বারা। যেমন—বাবা-মা, রাজা-রানি, ছেলে-মেয়ে ইত্যাদি।

(২) পুরুষবাচক শব্দের সঙ্গে বিভিন্ন স্ত্রী প্রত্যয় যোগ করে। যেমন—অনাথ-অনাথা, ছাত্র-ছাত্রী, রজক-রজ ইত্যাদি।

(৩) মূল শব্দের আগে স্ত্রী বা পুরুষ বাচক শব্দ বসিয়ে। যেমন— এঁড়ে বাছুর— বক্‌নাবাচুর। মদ্দা কুকুর— কুকুর ইত্যাদি।

মনে রাখবে, কিছু কিছু পুরুষবাচক বা স্ত্রীবাচক শব্দের কোনো লিঙ্গান্তর হয় না। এদের **নিত্য পুংলিঙ্গ** **নিত্য স্ত্রীলিঙ্গ** বলে।

**▶ নিত্য পুংলিঙ্গ ঃ** অকৃতদার, বিপত্নীক, সভাপতি, কবি, মন্ত্রী ইত্যাদি।

**▶ নিত্য স্ত্রীলিঙ্গ ঃ** সবধা, বিধবা, অঙ্গনা, ললনা, লক্ষ্মী ইত্যাদি।

**◪ কিছু লিঙ্গ পরিবর্তনের দৃষ্টান্ত ঃ**

**◀ স্ত্রীবাচক শব্দের দ্বারা লিঙ্গান্তর ▶**

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| গয়লা | গয়লা-বৌ | এঁড়ে বাছুর | বক্‌না বাছুর | রায় | রায়গিন্নি |
| বেনে | বেনে-বৌ | ঘোষ | ঘোষ জায়া | শ্রমিক | নারী শ্রমিক |
| কবি | মহিলা কবি | মাঝি | মাঝি বৌ | বেটা ছেলে | মেয়ে ছেলে |
| ডাক্তার | লেডি ডাক্তার | চাষি | চাষি বৌ | হুলো বেড়াল | মেনি বেড়াল |
| ঠাকুরপো | ঠাকুরঝি | এঁড়ে গোরু | গাই গোরু | ভদ্রলোক | ভদ্রমহিলা |

**◀ স্ত্রীবাচক আলাদা শব্দ দ্বারা লিঙ্গান্তর ▶**

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| পিতা | মাতা | শুক | শারি | ছেলে | মেয়ে |
| বাবা | মা | খানসামা | আয়া | বলদ | গাই |
| গোলাম | বাঁদি | কর্তা | গিন্নি | চাকর | ঝি |
| শ্বশুর | শাশুড়ি | নর | নারী | বিদ্বান | বিদুষী |
| পুত্র | কন্যা | সাহেব | বিবি, মেম | দাদা | বৌদি/দিদি |
| দাদু | দিদা | রাজা | রানি | ভাই | বোন |
| মিঞা | বিবি | দেওর | জা | যুবক | যুবতি |
| জামাই | মেয়ে | বর | বউ/কনে | জনক | জননী |



| পুংলিঙ্গ |
|---|
| অনাথ |
| প্রথম |
| চপল |
| বৃদ্ধ |
| কৃশ |
| কোকিল |
| কৃপণ |
| শ্রেষ্ঠ |
| জ্যেষ্ঠ |
| আর্য |

| পুংলিঙ্গ |
|---|
| ছাত্র |
| পাত্র |
| দূত |
| সিংহ |
| মামা |
| কাকা |
| চাচা |
| নানা |
| বানর |
| ভেড়া |
| খোকা |
| ষোড়শ |
| নট |

## 'আ' যোগে লিঙ্গান্তর

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অনাথ | অনাথা | প্রাচীন | প্রাচীনা | সভ্য | সভ্যা |
| প্রথম | প্রথমা | প্রিয় | প্রিয়া | শিষ্য | শিষ্যা |
| চপল | চপলা | প্রবীণ | প্রবীণা | চঞ্চল | চঞ্চলা |
| বৃদ্ধ | বৃদ্ধা | নিপুণ | নিপুণা | কান্ত | কান্তা |
| কৃশ | কৃশা | মহাশয় | মহাশয়া | অসহায় | অসহায়া |
| কোকিল | কোকিলা | মৃত | মৃতা | ভীত | ভীতা |
| কৃপণ | কৃপণা | মাননীয় | মাননীয়া | চতুর | চতুরা |
| শ্রেষ্ঠ | শ্রেষ্ঠা | নবীন | নবীনা | পূজনীয় | পূজনীয়া |
| জ্যেষ্ঠ | জ্যেষ্ঠা | সরল | সরলা | কল্যাণীয় | কল্যাণীয়া |
| আর্য | আর্যা | দ্বিতীয় | দ্বিতীয়া | অজ | অজা |

## লিঙ্গান্তর ই, ঈ যোগে

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | সুন্দর | সুন্দরী | তরুণ | তরুণী |
| পাত্র | পাত্রী | কুমার | কুমারী | মানব | মানবী |
| দূত | দূতী | কিশোর | কিশোরী | চাতক | চাতকী |
| সিংহ | সিংহী | ময়ূর | ময়ূরী | কপোত | কপোতী |
| মামা | মামি | হরিণ | হরিণী | রাক্ষস | রাক্ষসী |
| কাকা | কাকি | তাপস | তাপসী | বৈষ্ণব | বৈষ্ণবী |
| চাচা | চাচি | নর্তক | নর্তকী | মোরগ | মুরগি |
| নানা | নানি | হংস | হংসী | নারায়ণ | নারায়ণী |
| বানর | বানরী | কিন্নর | কিন্নরী | ব্রাহ্মণ | ব্রাহ্মণী |
| ভেড়া | ভেড়ি | পাগল | পাগলি | পিতামহ | পিতামহী |
| খোকা | খুকি | দেব | দেবী | নদ | নদী |
| ষোড়শ | ষোড়শী | দাস | দাসী | শঙ্কর | শঙ্করী |
| নট | নটী | গোপ | গোপী | কিঙ্কর | কিঙ্করী |

### 'নী', 'নি', 'আনী' যোগে লিঙ্গান্তর

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ধোপা | ধোপানি | চৌধুরি | চৌধুরানি | জেলে | জেলেনি |
| চাকর | চাকরানি | কামার | কামারনি | ডোম | ডোমনি |
| শিব | শিবানী | পণ্ডিত | পণ্ডিতানী | মালী | মালিনী |
| কৃষাণ | কৃষাণি | ঠাকুর | ঠাকুরানি | মাতুল | মাতুলানী |
| রুদ্র | রুদ্রানী | ভব | ভবানী | শয়তান | শয়তানী |
| মাস্টার | মাস্টারনি | মজুর | মজুরানি | নাপিত | নাপিতানি |
| দুঃখী | দুঃখীনি | বেদে | বেদেনি | রাঁধুনে | রাঁধুনি |

### 'ইনি' ও 'ইনী' যোগে লিঙ্গান্তর

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ডাক | ডাকিনী | বাঘ | বাঘিনি | সাপ | সাপিনি |
| পাগল | পাগলিনী | হস্তি | হস্তিনী | পদ্ম | পদ্মিনী |
| রজক | রজকিনী | ভিখারি | ভিখারিনী | কাঙাল | কাঙালিনী |
| গয়লা | গয়লানি | নাগ | নাগিনী | বিদেশি | বিদেশিনী |

### 'ইকা' শব্দ যোগে লিঙ্গান্তর

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| গায়ক | গায়িকা | চালক | চালিকা | পালক | পালিকা |
| নায়ক | নায়িকা | বাহক | বাহিকা | সম্পাদক | সম্পাদিকা |
| পরিচালক | পরিচালিকা | শিক্ষক | শিক্ষিকা | গ্রাহক | গ্রাহিকা |
| পাচক | পাচিকা | পাঠক | পাঠিকা | সাধক | সাধিকা |
| অধ্যাপক | অধ্যাপিকা | সেবক | সেবিকা | বালক | বালিকা |
| লেখক | লেখিকা | প্রচারক | প্রচারিকা | ঘোষক | ঘোষিকা |

### ঋ-কারান্ত শব্দে 'ঈ' যোগে লিঙ্গান্তর

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| দাতা | দাত্রী | অভিনেতা | অভিনেত্রী | নেতা | নেত্রী |
| পাত্র | পাত্রী | ক্রেতা | ক্রেত্রী | হোতা | হোত্রী |
| ভর্তা | ভর্ত্রী | শ্রোতা | শ্রোত্রী | ধাতা | ধাত্রী |
| কর্তা | কর্ত্রী | সবিতা | সাবিত্রী | প্রণেতা | প্রণেত্রী |

### ◀ 'বতী', 'মতী' যোগে লিঙ্গান্তর ▶

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ভগবান | ভগবতী | দয়াবান | দয়াবতী | পুত্রবান | পুত্রবতী |
| বুচিমান | বুচিমতী | শক্তিমান | শক্তিমতী | আয়ুষ্মান | আয়ুষ্মতী |
| বুদ্ধিমান | বুদ্ধিমতী | শ্রীমান | শ্রীমতী | রূপবান | রূপবতী |

### ◀ 'ইন্' প্রত্যয়ান্ত শব্দের সঙ্গে 'ইনী' যোগে লিঙ্গান্তর ▶

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অনুগামী | অনুগামিনী | তেজস্বী | তেজস্বিনী | পক্ষী | পক্ষিণী |
| বিলাসী | বিলাসিনী | রোগী | রোগিণী | সন্ন্যাসী | সন্ন্যাসিনী |
| মালী | মালিনী | উদাসী | উদাসিনী | মেধাবী | মেধাবিনী |
| প্রতিযোগী | প্রতিযোগিনী | দুঃখ | দুঃখিনী | মায়াবী | মায়াবিনী |
| মানী | মানিনী | হস্তি | হস্তিনী | সহযোগী | সহযোগিনী |

## অনুশীলনী

**১। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ**

(ক) লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কয়প্রকার ও কী কী?

(খ) পুংলিঙ্গ কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) স্ত্রীলিঙ্গ কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঘ) ক্লীবলিঙ্গ কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঙ) উভয়লিঙ্গ কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) কয়েকটি উদাহরণ দিয়ে নিত্য পুংলিঙ্গ কাকে বলে বুঝিয়ে দাও।

(ছ) নিত্য স্ত্রীলিঙ্গ শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

**২। নীচের শব্দগুলোর স্ত্রীলিঙ্গের রূপ লেখো ঃ**

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| কোকিল | | সাহেব | | গোলাম | |
| সাধক | | চাকর | | রজক | |
| নাপিত | | মিঞা | | সম্পাদক | |
| হুলোবেড়াল | | কর্তা | | হস্তী | |
| বলদ | | শ্রীমান | | গ্রাহিকা | |

৩। নীচের শব্দগুলোর পুংলিঙ্গের রূপ লেখো ঃ

| স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| মানিনী | | আয়ুষ্মতী | | কনে | |
| আয়া | | জননী | | রোগিনী | |
| পাচিকা | | কৃষাণি | | নর্তকী | |
| খুকি | | কপোতী | | কিন্নরী | |

৪। পুংলিঙ্গ অথবা স্ত্রীলিঙ্গবাচক শব্দ বসিয়ে ছকটি পূরণ করো ঃ

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অভিনেতা | ? | ? | বাঁদি | ? | যুবতি |
| বিদ্বান | ? | গয়লা | ? | ? | কান্তা |

৫। যে শব্দটির লিঙ্গ-পরিবর্তন হয়না সেটির পাশে (✓) চিহ্ন দাও ঃ

(ক) ১. জামাই ☐ ২. নদী ☐ ৩. পর্বত ☐ ৪. নেত্রী ☐

(খ) ১. শিশু ☐ ২. পূজনীয় ☐ ৩. দূত ☐ ৪. শংকর ☐

(গ) ১. সরল ☐ ২. পাগল ☐ ৩. রুদ্র ☐ ৪. মন্ত্রী ☐

(ঘ) ১. পান্ডিত ☐ ২. তাপসী ☐ ৩. বিধবা ☐ ৪. আচার্য ☐

(ঙ) ১. কাকা ☐ ২. মহাশয়া ☐ ৩. বাঘ ☐ ৪. বিপত্নীক ☐

(চ) ১. আকাশ ☐ ২. ননদ ☐ ৩. চালক ☐ ৪. পদ্ম ☐

(ছ) ১. গোপ ☐ ২. নাগ ☐ ৩. সন্তান ☐ ৪. সিংহ ☐

(জ) ১. রাষ্ট্রপতি ☐ ২. অভিভাবিকা ☐ ৩. প্রতিযোগী ☐ ৪. অনাথ ☐

৬। নীচের বাক্যগুলির লিঙ্গ শুদ্ধ করে লেখো ঃ

(ক) মাতা পরম পূজনীয়।

(খ) শ্রীমতী রায় আমাদের বাংলার শিক্ষক।

(গ) নিবেদিতা ছিলেন একজন বিদেশি।

(ঘ) বাঘ তার বাচ্চাকে দুধ খাওয়াচ্ছে।

(ঙ) মা সারদা ছিলেন একজন বড়ো সাধক।

(চ) ভগবতী দেবী ছিলেন বিদ্বান নারী।

(ছ) নট সর্বজয়া মঞ্চে উপস্থিত হলেন।

(জ) মহাশ্বেতা দেবী একজন বিখ্যাত লেখক।

(ঝ) রাজনন্দন সীতা বনবাসে গেলেন।

(ঞ) শরৎচন্দ্রের অভাগী ছিল জন্মকাঙাল।